

সমস্ত রাজ্য ও জেলা সমাবায় ব্যাংকগুলির

চেয়ারম্যানগণ/সি-ই-ও গণ

মাননীয় মহাশয়,

একক আমানত অ্যাকাউন্টে নামাঙ্কনের সুবিধা

উপরোক্ত বিষয়ে আমাদের বিজ্ঞপ্তি নং RPCD.CO.RF.BC.No.12/07.38.01/ 2005-06 তারিখ জুলাই ১২, ২০০৫-এর অনুচ্ছেদ ৯-এর দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে, যেখানে ব্যাংকগুলিকে পরামর্শ দেওয়া হয়েছিল আমানতকারীদের নামাঙ্কনের সুবিধা ও জীবিত ব্যক্তিবর্গের সুবিধা বিষয়ে প্রচার ও সাহায্য করতে। আমাদের মনে হয় যদিও এ বিষয়ের উপর যথেষ্ট কাজ করা হয়েছে তবুও ব্যাংকগুলি একক আমানত অ্যাকাউন্ট খুলে চলতে পারে নামাঙ্কন ছাড়াই।

২। এলাহাবাদ হাই-কোর্টের কাছে একটি মামলায়, আদালত বলেছে যে “এটি যুক্তিযুক্ত হবে যদি ভারতীয় রিজার্ভ ব্যাংক এমন একটি নির্দেশিকা জারী করে যে কোনো সঞ্চয় অ্যাকাউন্ট অথবা স্থায়ী আমানত একক নামে খোলা হবে না যদি না তাতে আমানতকারীরা তাদের নামাঙ্কিত ব্যক্তির নাম দিয়ে থাকেন। এটি নিরপরাধ বিধবা ও শিশুদের অনেকটাই সাহায্য করবে, যাদের প্রাপ্য অ্যাকাউন্টের অর্থ পেতে আদালতের লম্বা পদ্ধতির মধ্য দিয়ে যেতে হয়।”

৩। উপরের বিষয়টির দিকে দৃষ্টি রেখে, ব্যাংকগুলিকে পরামর্শ দেওয়া হচ্ছে তারা যেন একক অ্যাকাউন্ট খুলতে আসা ব্যক্তির উপর চাপ দেন তাঁর নামাঙ্কিত ব্যক্তির নাম লিপিবদ্ধ করতে। যদি সেই ব্যক্তি তাঁর নামাঙ্কিত ব্যক্তির নাম লিপিবদ্ধ করতে অস্বীকার করেন তবে ব্যাংক তাঁকে নামাঙ্কনের সুবিধা সম্বন্ধে ব্যাখ্যা করবে। সেই ব্যক্তি যদি তবুও তাঁর নামাঙ্কিত ব্যক্তির নাম নথিবদ্ধ করতে না চান তবে ব্যাংক তাঁর কাছ থেকে এই মর্মে একটি চিঠি চাইবে যাতে লেখা থাকবে তিনি তাঁর অ্যাকাউন্টটিকে নামাঙ্কন করতে চান না। যদি তিনি সেই চিঠি দিতে না চান তবে এই বিষয়টি অ্যাকাউন্ট খোলার ফর্মে লিখে অ্যাকাউন্টটি খোলা যেতে পারে, যদি অ্যাকাউন্ট খোলার জন্য অন্য সব যোগ্যতামান ঠিক থাকে। ব্যাংক কোনোভাবেই শুধুমাত্র নামাঙ্কন করা হয়নি বলে অ্যাকাউন্ট খুলতে অস্বীকার করতে পারে না।

৪। ব্যাংকগুলিকে একক মালিকানাধীন সংস্থার অ্যাকাউন্ট খোলার বিষয়ে যে নির্দেশিকা দেওয়া হয়েছে তা পালন করতে পরামর্শ দেওয়া হচ্ছে।

৫। অনুগ্রহ করে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে এই চিঠির প্রাপ্তি স্বীকার করবেন।

ইতি ভবদীয়

(সি এস মুর্তি)

চীফ জেনারেল ম্যানেজার ইন-চার্জ